# ১৬ ডিসেম্বর চালু হচ্ছে শাহজালালের তৃতীয় টার্মিনাল



ছবি: সংগৃহীত

দীর্ঘ প্রতীক্ষার পর আগামী ১৬ ডিসেম্বর উদ্বোধন হতে যাচ্ছে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল। তবে উদ্বোধনের দিন থেকেই এর পূর্ণাঙ্গ সেবা মিলবে না। প্রাথমিকভাবে চারটি ফ্লাইট পরিচালনার মাধ্যমে সীমিত পরিসরে কার্যক্রম শুরু হবে। পুরোপুরি চালু করতে অপেক্ষা করতে হবে আরও ১৪ মাস।

সোমবার (২৩ নভেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। তিনি বলেন, টার্মিনাল চালুর প্রস্তুতি এগিয়ে চলছে। এ লক্ষ্যে আগামী ৩০ নভেম্বরের মধ্যে জাপান কনসোর্টিয়ামের সঙ্গে চুক্তি সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে।

মন্ত্রী জানান, ১৬ ডিসেম্বর উদ্বোধনের দিন প্রথম ফ্লাইট পরিচালনা করবে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। শুরুতে চারটি ফ্লাইটের মাধ্যমে টার্মিনালের কার্যক্রম সীমিত রাখা হবে। এরপর ধাপে ধাপে পূর্ণাঙ্গ কার্যক্রম চালু করা হবে।

এদিকে কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে উদ্বোধনের বিষয়ে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী সময় নির্ধারণ করলেই এ বিষয়ে আনুষ্ঠানিক উদ্বোধনের ব্যবস্থা নেওয়া হবে।